গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/২৯৫ তারিখ: ০১.১১.২০২৩ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত উপকারভোগী শিক্ষার্থীদের মধ্যে বাউন্সব্যাককৃত শিক্ষার্থীর তথ্য HSP-MIS এ সংশোধন/হালনাগাদকরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরে ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণির উপবৃত্তির তালিকাভুক্ত শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তির অর্থ প্রেরণের ক্ষেত্রে কিছু শিক্ষার্থীর একাউন্ট নম্বর ভুলসহ অন্যান্য তথ্যের অসংগতির কারণে উপবৃত্তির অর্থ Bounce Back/Returned হয়েছে। যে সকল শিক্ষার্থীর উপবৃত্তির অর্থ Bounce Back/Returned হয়েছে তাদের অনুকূলে পুনরায় অর্থ প্রেরণের জন্য সংশ্লিষ্ট একাউন্ট নম্বর/প্রাসঙ্গিক তথ্য সংশোধন করা প্রয়োজন।

**২। উপবৃত্তির অর্থ Bounceback হওয়া একাউন্টসমূহের তথ্য সংশোধনের ক্ষেত্রে নিম্নোক্ত কারণসমূহ বিবেচনা করতে হবে:** ক) HSP-MIS এ মোবাইল ব্যাংকিং একাউন্ট হিসাবে এন্ট্রি করা হলেও একাউন্ট খোলা না থাকা; খ) একাউন্ট নম্বর সচল না থাকা; গ) একাউন্ট নম্বর এন্ট্রিকালে ভুল সংখ্যা এন্ট্রি করা; ঘ) ব্যবসায়িক (এজেন্ট/মার্চেন্ট) একাউন্ট নম্বর ব্যবহার; ঙ) প্রতারণামূলক কার্যকলাপে জড়িত থাকা একাউন্ট নম্বর ব্যবহার; চ) বন্ধ/অচল থাকা একাউন্ট নম্বর ব্যবহার; ছ) NID/KYC Paper সঠিক না থাকা; জ) গ্রাহক এর পিন সেট না করা; ঝ) এজেন্ট ব্যাংকিং এর একাউন্ট নম্বর এন্ট্রি করার ক্ষেত্রে শাখা হিসাবে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং শাখা নির্বাচন না করা ইত্যাদি।

**৩। উপরোল্লিখিত কারণসমূহ যাচাইন্তে শিক্ষার্থীদের একাউন্ট নম্বর/সংশ্লিষ্ট ভুল তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS সফটওয়্যারে আগামী ১৬.১১.২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিক ভাবে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরন করে তথ্য সংশোধন/হালনাগাদ করতে হবে।** ***উল্লেখ্য যে, একই শিক্ষার্থীর একাধিক পেমেন্ট চক্রে/একাধিক বার বাউন্সব্যাক থাকলে যে কোন একটি পেমেন্ট চক্র সংশোধন/হালনাগাদ করলেই অন্যান্য পেমেন্ট চক্র স্বয়ংক্রিয়ভাবে সংশোধন হবে। একই শিক্ষার্থীর তথ্য একাধিক পেমেন্ট চক্রে/একাধিক বার সংশোধন করার প্রয়োজন নেই।***

**৪। বাউন্সব্যাক হওয়া একাউন্টের তথ্য সংশোধনের পদ্ধতি:**

- HSP-MIS সফটওয়্যারে প্রবেশ করে মেনুবার অনুসরন করে **'পে-রোল'** অপশনে ক্লিক করুন;
- **'পে-রোল'** অপশনে **'পেমেন্ট তথ্য সংশোধন'** অপশনে ক্লিক করুন;
- **'একাউন্টধরণ'** অপশনে ক্লিক করে **'বাউন্সব্যাক হয়েছে'** অপশন সিলেক্ট করে **'খুজুন'** বাটনে ক্লিক করুন;
- সংশোধন কলামের **'কলম আইকন (এডিট অপশন)'** বাটনে ক্লিক করুন;
- বর্তমান পেমেন্ট তথ্যে পেমেন্টের ধরণ এবং হিসাব নম্বর পরিবর্তন করে সঠিক তথ্য প্রদান করুন (HSP-MIS সফটওয়্যারে এন্ট্রিকৃত শিক্ষার্থীর অভিভাবকের তথ্য পরিবর্তন করা যাবে না। এন্ট্রিকৃত অভিভাবকের NID ব্যবহার করে খোলা বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং/অনলাইন ব্যাংক একাউন্ট নম্বর প্রদান করতে হবে।);
- তথ্য পরিবর্তনের কারণ অপশনে **'বাউন্সব্যাক তথ্য সংশোধন'** নির্বাচন করতে হবে;
- বাউন্সব্যাক সংশোধন অপশনে **'হ্যাঁ'** নির্বাচন করতে হবে;
- সর্বশেষ **'সংশোধন'** করুন অপশনে ক্লিক করতে হবে।

**উল্লেখ্য যে, একই একাউন্ট নম্বর একাধিক শিক্ষার্থীর উপবৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।**

৫। বর্ণিত প্রেক্ষাপট বিবেচনায় সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান উপরোল্লিখিত প্রক্রিয়া অনুসরন করে বাউন্সব্যাককৃত শিক্ষার্থীদের হিসাব নম্বরের ভুল তথ্য আগামী ১৬.১১.২০২৩ খ্রি. তারিখের মধ্যে HSP-MIS-এ সংশোধন/হালনাগাদ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৬। এছাড়াও উপবৃত্তির সুবিধাভোগী কোন শিক্ষার্থীর HSP-MIS সফটওয়্যারে ইতোপূর্বে এন্ট্রিকৃত অভিভাবকের তথ্য পরিবর্তনের প্রয়োজনীয়তা দেখা দিলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে যাবতীয় তথ্যাদিসহ **(শিক্ষার্থীর নাম, জন্ম নিবন্ধন নম্বর, শ্রেণি এবং নতুন অভিভাবকের নাম ও সম্পর্ক, জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখ, প্রদত্ত অভিভাবকের NID ব্যবহার করে খোলা বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর/অনলাইন ব্যাংক একাউন্ট নম্বর হলে ব্যাংক ও শাখার নামসহ)** mis.hsp@pmeat.gov.bd ইমেইলে আগামী ১৫.১১.২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদন প্রেরণ করতে হবে।

সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সংযুক্ত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে উক্ত বিষয়টি অনতিবিলম্বে অবহিতকরণসহ সংশোধন কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন।

**সংযুক্তি: বাউন্সব্যাককৃত শিক্ষার্থীর তালিকা।**

০২/১১/২৩

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

০৩। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।

০৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

০৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৭। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (HSP-MIS সফটওয়্যারে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক তথ্য সংশোধনের অপশন উন্মুক্তকরণ ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

---

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা।
ই-মেইল-useosadargaibandha@ gmail.com,
ফোন-০২-৫৮৯৯৮০৫২২

স্মারকনং-উমাশিঅ/গাঃসঃ/২০২৩/ ৩৮০ তারিখঃ ০৪/১১/২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। অধ্যক্ষ/প্রধানশিক্ষক/সুপার ........................................... গাইবান্ধা সদর, গাইবান্ধা।
(উপর্যুক্ত বিষয়ের পৃষ্ঠাংকিত পত্র মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।)

২। অফিসনথি।

০৪/১১/২০২৩

(এস.এম সাঈদ হাসান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(চ.দা.)